

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৭৫২

আগরতলা, ৯ জুলাই ২০২৪

শ্রীনগর সীমান্ত হাট ও পালাটানা বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সারুমের শ্রীনগর সীমান্ত হাট ও উদয়পুরের পালাটানা বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র পরিদর্শন করেন। রাজ্যপাল সারুমের শ্রীনগর এসে পৌঁছালে তাঁকে স্বাগত জানান দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক স্মিতা মল। দক্ষিণ ত্রিপুরা জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। বর্ডার হাট পরিদর্শনের সময় সীমান্তরক্ষী বাহিনীর ডিআইজি অনিল শর্মা এবং দক্ষিণ ত্রিপুরা জেলার পুলিশ সুপার অশোক সিংহও উপস্থিত ছিলেন। সীমান্ত হাটের মার্কেট অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে রাজ্যপালকে পুষ্প স্তবক দিয়ে স্বাগত জানানো হয়।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু শ্রীনগর সীমান্ত হাট ঘুরে দেখেন এবং ভারত ও বাংলাদেশের ক্রেতা বিক্রেতাদের সঙ্গে মত বিনিময় করেন। কমন ফেসিলিটি সেন্টারে তিনি দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক, বাংলাদেশের ফেনী জেলার আধিকারিক, বিএসএফ-র ডিআইজি এবং শুক্ল দপ্তরের আধিকারিকগণের সঙ্গে মতবিনিময় করেন। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল জানান, দীর্ঘদিন ধরে সীমান্ত হাটে দুই দেশের বিক্রেতাগণ বিভিন্ন পণ্য বিক্রি করছেন। সীমান্ত হাটের অভিজ্ঞতা নিতেই তিনি আজ এই সফরে এসেছেন। তিনি বলেন, উভয় দেশের ক্রেতা বিক্রেতাগণ মিলেই সীমান্ত হাটটিকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

বিকেলে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু উদয়পুরের পালাটানায় ওটিপিসি'র বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে গোমতী জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সমিত লোধ, ওটিপিসি'র জেনারেল ম্যানেজার এস নামবদ্রিপাদ এবং অন্যান্য আধিকারিকগণ রাজ্যপালকে স্বাগত জানান। গোমতী জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। ওটিপিসি প্রশাসনিক ভবনের কনফারেন্স হলে আয়োজিত সভায় জেনারেল ম্যানেজার এবং আধিকারিকগণ রাজ্যপালকে পালাটানা বিদ্যুৎ প্রকল্পের বিষয়ে বিস্তারিত অবহিত করেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*